

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়  
(শিল্প মন্ত্রণালয়)  
৯১, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০

প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়ের ২০০৯ এবং ২০১৩ সালের বার্ষিক অগ্রগতির তুলনামূলক চিত্র ও সংশ্লিষ্ট ক্ষেত্রে অর্জিত সাফল্য :

ছক

ক্রমিক নম্বর	কর্মকাণ্ডের বিবরণ	অর্জনের পরিমাণ ২০১৩ সাল আগষ্ট পর্যন্ত	অর্জনের পরিমাণ ২০০৯ সাল আগষ্ট পর্যন্ত	মন্তব্য
০১	প্রধান বয়লার পরিদর্শক পদের আপগ্রেডেশন	প্রধান বয়লার পরিদর্শকের পদটি ৬ষ্ঠ গ্রেড হতে ৫ম গ্রেডে উন্নীত করা হয়েছে।	-	প্রধান বয়লার পরিদর্শকের পদ মর্যাদা আপগ্রেডেশন করনের মাধ্যমে অত্র দপ্তরের মর্যাদা ও কাজের গতিশীলতা বৃদ্ধি পেয়েছে।
০২	প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়ের আঞ্চলিক অফিস	চট্টগ্রাম ও রাজশাহীতে ২(দুই)টি আঞ্চলিক অফিস স্থাপন করা হয়েছে	আঞ্চলিক অফিস ছিল না	২০১০ সালের পূর্বে অত্র দপ্তরের কার্যক্রম শুধুমাত্র প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়, ঢাকা হতে পরিচালিত হতো। পরবর্তীতে ঢাকা, চট্টগ্রাম ও রাজশাহীতে তিনটি আঞ্চলিক অফিস স্থাপন করার ফলে অত্র দপ্তরের সেবা জনগনের দোর গোড়ায় পৌছানো সম্ভব হয়েছে।
০৩	অত্র দপ্তরের জনবলের সংখ্যা	৩১ জন	১৮ জন	নতুন ১৩(তের)টি পদ সৃজন করায় নতুন কর্মসংস্থানের সুযোগ সৃষ্টিপূর্বক দপ্তরের কার্যক্রম জোরদার ও গতিশীল হওয়ার সম্ভবনা দেখা দিয়েছে।
০৪	বয়লার রেজিস্ট্রেশন প্রদানের সংখ্যা	২১৬টি	২৪০টি	নতুন বয়লার রেজিস্ট্রেশন প্রদানের মাধ্যমে প্রতীয়মান হয় যে, ২১৬টি শিল্প প্রতিষ্ঠান গড়ে উঠেছে বা শিল্প প্রতিষ্ঠানের ব্যাপ্তি বেড়েছে। ফলে দেশের শিল্পায়নে ব্যাপক উন্নতি সাধিত এবং নতুন নতুন কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে।
০৫	স্থানীয়ভাবে তৈরী বয়লারের সংখ্যা	৭০টি	৪৭টি	তুলনামূলক পর্যালোচনায় দেখা যায় যে, বেশী সংখ্যায় স্থানীয়ভাবে বয়লার তৈরী হয়েছে। ফলে একদিকে যেমন বৈদেশিক মুদ্রার সাশ্রয় হচ্ছে অন্য দিকে বয়লার প্রস্তুতকারক শিল্পের বিকাশসহ নতুন নতুন কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হচ্ছে।
০৬	বয়লার পরিচারকদের সনদ প্রদানের সংখ্যা	২৭৫জন	৩০০ জন	দক্ষ জনবল তৈরীর মাধ্যমে শিল্প প্রতিষ্ঠানে স্থাপিত বয়লারের নিরাপদ চালনা নিশ্চিত করা হচ্ছে ফলশ্রুতিতে দেশে বিনিয়োগের সূষ্ঠ পরিবেশ তৈরী হচ্ছে।
০৭	ই-গভঃ ও আইসিটি কার্যক্রম	১। ইলেকট্রনিক্স ওয়েব সাইট তৈরী করা হয়েছে। ২। অফিস অটোমেশন করা হয়েছে। ৩। ই-মেইল ও মোবাইলের মাধ্যমে যোগাযোগ স্থাপন	ছিল না	১। ওয়েব সাইটের মাধ্যমে গ্রাহকগন সকল তথ্য, সেবা ও বিভিন্ন ফরম সংগ্রহ করছেন। ২। অফিস অটোমেশনের মাধ্যমে দপ্তরের কাজের শৃঙ্খলা ও গতি বৃদ্ধি পেয়েছে। ৩। ই-মেইল ও মোবাইলের মাধ্যমে যোগাযোগের মাধ্যমে গ্রাহকদের অধিকতর দ্রুততার সাথে সেবা প্রদান করা সম্ভব হচ্ছে।

(মোঃ জুলফিকার আলী হায়দারী)  
উপসচিব ও  
প্রধান বয়লার পরিদর্শক (অতিঃ দায়িত্ব)